# অভিবাসন সংক্রান্ত কারণে গ্রেপ্তার হওয়ার আগে
# একটি জরুরি সাড়াদান পরিকল্পনা তৈরি করুন

<table>
<tr><td>

- **আপনার সব গুরুত্বপূর্ণ ডকুমেন্ট সহজে অ্যাক্সেসযোগ্য কোনো জায়গায় রাখুন। জরুরি পরিস্থিতি দেখা দিলে রেখে দেওয়ার জন্য একজন পরিবারের সদস্য বা ঘনিষ্ট বন্ধুর জন্য এসব ডকুমেন্টের কপি তৈরি করুন।**

*- পাসপোর্ট* *-জন্ম নিবন্ধন*<br>
*-বিবাহের লাইসেন্স* *-গাড়ির টাইটেল ও সম্পত্তির দলিল*<br>
*-অভিবাসন সংক্রান্ত সব ডকুমেন্ট, যার মধ্যে আপনার কাছে থাকলে, “A” নম্বর অন্তর্ভুক্ত রয়েছে*

</td></tr>
<tr><td>

- **আপনার স্বতন্ত্র অভিবাসনগত পরিস্থিতি মূল্যায়ন করতে একজন অলাভজনক অভিবাসন আইনজীবীর সঙ্গে কথা বলুন (একটি তালিকা পেতে পরিশিষ্ট A দেখুন)**

*-জরুরি পরিস্থিতিতে ব্যবহারের জন্য একজন সম্মানিত আইনি সেবা প্রদানকারী বা অভিবাসন আইনজীবীর নম্বর বা কার্ড সবসময় সঙ্গে রাখুন।*<br>
*-আপনার পরিবারের কাছেও এসব নম্বর থাকা উচিত। পরিবারের সেই সদস্যের নম্বর মুখস্ত করে নিন।*

</td></tr>
<tr><td>

- **আপনার কর্মস্থলে একটি জরুরি পরিকল্পনা তৈরি করে রাখুন**

*-আপনার কর্মস্থলে অভিবাসন বিভাগের লোকজন আসলে আপনার সহকর্মীরা নীরব থাকতে ইচ্ছুক কিনা জিজ্ঞেস করুন এবং একজন আইনজীবীর সাথে কথা বলতে চান।*<br>
*-যদি আপনার কর্মস্থলে কোনো ইউনিয়ন থাকে, তাহলে আপনার কর্মস্থলে অভিবাসন বিভাগের লোকজন আসলে সেজন্য কিভাবে প্রস্তুতি নিতে হবে তা আরো ভালোভাবে জানতে ইউনিয়নের প্রতিনিধির সাথে কথা বলুন।*

</td></tr>
<tr><td>

- **আপনার পরিবারকে সুরক্ষিত রাখার একটি পরিকল্পনা তৈরি করুন**

*-আপনাকে কারাবন্দী অথবা প্রত্যাবাসন করা হলে সেক্ষেত্রে কোনো আত্মীয় বা পারিবারিক বন্ধুর কাছে আপনার সন্তানের যথাযথ দেখাশোনা নিশ্চিত করার জন্য একটি “পাওয়ার অব অ্যাটর্নি” ফরম প্রস্তুত করুন।*<br>
*(পরিশিষ্ট B দেখুন)*<br>
*-আপনার সন্তানদের জন্য বৈধ পাসপোর্ট সংগ্রহ করুন।*<br>
*-যদি আপনার সন্তান যুক্তরাষ্ট্রের নাগরিক হয়, তাহলে তার জন্য যত দ্রুত সম্ভব একটি পাসপোর্ট সংগ্রহ করুন। দেশের বাইরে ভ্রমণ করার জন্য এবং পরবর্তীতে নাগরিকত্ব প্রমাণ করার জন্য তার সেটি প্রয়োজন হবে।*<br>
*–যদি আপনার সন্তান যুক্তরাষ্ট্রের নাগরিক না হয়, তাহলে সে যে দেশের নাগরিক সেই দেশের পাসপোর্ট সংগ্রহ করুন। আপনার দেশের কনসুলেট থেকে আপনি এটি নিতে পারবেন (পরিশিষ্ট C দেখুন)।*

</td></tr>
</table>

*-সেই দেশের কনসুলেটে আপনার সন্তানকে আপনার দেশের নাগরিক হিসেবে নিবন্ধন করুন যাতে আপনি সেখানে পৌঁছালে আপনাকে কোনো সমস্যার সম্মুখীন হতে না হয়।*

*-উদাহরণস্বরূপ, কিছু দেশে, নিবন্ধিত নয় এমন শিশুরা স্কুলে যেতে পারে না।*

*(আপনার যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করা শিশুকে কিভাবে মেক্সিকোতে নিবন্ধন করতে হবে সে সম্পর্কে তথ্যের জন্য পৃষ্ঠা 16 দেখুন।)*

**আপনার পরিবারকে সুরক্ষিত রাখার একটি পরিকল্পনা তৈরি করুন!**

পরিমার্জন 12/18/24

# গ্রেপ্তারের সময়

## গ্রেপ্তারের সময় কী করণীয়

**যদি পুলিশ বা ইমিগ্রেশন এজেন্টরা আপনাকে প্রশ্ন করেন তাহলে যা করণীয়:**

- ✓ আপনাকে কারাবন্দী বা গ্রেপ্তার করা হচ্ছে কিনা তা জিজ্ঞেস করার অধিকার আপনার আছে।

  *-যদি অফিসার বলেন যে "না, আপনাকে গ্রেপ্তার বা কারাবন্দী করা হচ্ছে না", তাহলে তাকে জিজ্ঞেস করুন যে যে আপনার চলে যাওয়ার স্বাধীনতা আছে কিনা। যদি তিনি হ্যাঁ বলেন, তাহলে ধীরে ধীরে ও শান্তভাবে হেঁটে চলে যান।*

  *-যদি অফিসার বলেন "হ্যাঁ, আপনাকে গ্রেপ্তার এবং/অথবা কারাবন্দী করা হচ্ছে", তাহলে*

  **আপনার নীরব থাকার অধিকার রয়েছে!**

**যদি আপনার কাছে বৈধ ডকুমেন্ট থাকে:**

- ✓ অফিসারকে সেগুলো দেখান। সবসময় সেগুলো আপনার সঙ্গে রাখুন।

**যদি আপনার কাছে এই দেশে অবস্থান করার কোনো বৈধ ডকুমেন্ট না থাকে:**

- ✓ কোনো প্রশ্নের উত্তর দিবেন না।
- ✓ কোনো ভুয়া ডকুমেন্ট দেখাবেন না।

# সর্বোপরি

কোনো ভুয়া ডকুমেন্ট দেখাবেন না এবং কোনো মিথ্যা কথা বলবেন না।

পরিমার্জন 12/18/24

# অভিবাসন বিভাগের লোকজন আপনার বাড়িতে আসলে কী করণীয়:

- **যদি পুলিশ, ইমিগ্রেশন এজেন্ট অথবা অন্য সরকারি এজেন্ট আপনার বাড়িতে প্রবেশ করার চেষ্টা করে:**
  - ***<u>দরজা খুলবেন না</u>***

    *-তারা পুলিশ নাকি অভিবাসন বিভাগের লোকজন তা জিজ্ঞেস করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।*

    *(কখনো কখনো, ইমিগ্রেশন এজেন্টরা নিজেদেরকে পুলিশ হিসেবে পরিচয় দেন, তাই তাদেরকে অত্যন্ত সুনির্দিষ্ট প্রশ্ন জিজ্ঞেস করুন।)*
  - ***<u>যদি তারা অভিবাসন বিভাগ থেকে এসে থাকেন, তাহলে সাধারণত আপনি দরজা না খুললে অথবা তাদেরকে প্রবেশ করার অনুমতি না দিলে তাদের ভেতরে প্রবেশ করার অনুমতি নেই</u>***

    *-দরজার মধ্য দিয়ে কথা বলুন। যদি আপনি কথা বলার জন্য দরজা অল্প পরিমাণে খোলেন, তাহলে এজেন্ট হয়তো বলতে পারেন যে দরজা খোলার মাধ্যমে আপনি প্রবেশ করার জন্য সম্মতি দিয়েছেন।*
  - ***যদি তারা পুলিশ হন, তাহলে আপনার বাড়িতে প্রবেশ করার জন্য তাদের একটি "সার্চ ওয়ারেন্ট" প্রয়োজন হবে।***

    *-সার্চ ওয়ারেন্ট হলো একজন বিচারকের স্বাক্ষরিত একটি ডকুমেন্ট যা অফিসারকে আপনার বাড়িতে প্রবেশ করার অনুমতি দেয়।*

    *-ওয়ারেন্টে বিস্তারিতভাবে উল্লেখ থাকা উচিত যে অফিসার যে ব্যক্তির খোঁজ করছেন তিনি কে*

    *-যদি তাদের কাছে গ্রেপ্তারের ওয়ারেন্ট থাকে কিন্তু সার্চ ওয়ারেন্ট না থাকে, তাহলে আইনগতভাবে তারা আপনার বাড়িতে প্রবেশ করতে সক্ষম হবেন না।*
- **যদি কোনো অফিসার আপনার বাড়িতে প্রবেশ করেন:**

  *-অফিসারদের নাম ও ব্যাজ নম্বর লিখে রাখুন*

  *-তাদেরকে বলুন যে আপনি তাদেরকে সার্চ করার জন্য সম্মতি দেননি*

  *-উপস্থিত সবার নাম, ঠিকানা ও নম্বর লিখে রাখুন*
- **দৌড় দিবেন না –** *দৌড় দেওয়া নিরাপদ নয়।*

# অভিবাসন বিভাগের লোকজন আপনার কর্মস্থলে আসলে কী করণীয়:

- **শান্ত থাকুন**

  *- দৌড় দিবেন না*

  *- দৌড় দেওয়া নিরাপদ নয়*
- **আপনার কর্মস্থলে প্রবেশ করার জন্য, অফিসারের কাছে অবশ্যই একজন বিচারকের কাছ থেকে পাওয়া ওয়ারেন্ট অথবা আপনার নিয়োগকর্তার অনুমতি থাকতে হবে।**

# যদি অভিবাসন বিভাগের লোকজন প্রকাশ্যে আপনাকে থামায় তাহলে কী করণীয়:

- **যদি তারা আপনাকে রাস্তার উপর থামায়**

  *- তাহলে তাদের কাছে এটি করার যথাযথ আদেশ/ওয়ারেন্ট থাকতে হবে; সেটি দেখতে চান।*

  *-যদি তাদের কাছে কোনো আদেশ না থাকে, তাহলে তাদের কাছে অবশ্যই সুনির্দিষ্ট তথ্য থাকতে হবে যার ফলে এটি বিশ্বাস করা যুক্তিসঙ্গত হয় যে আপনি বৈধভাবে এই দেশে অবস্থান করছেন না*

## মনে রাখবেন:

**আপনার নীরব থাকার অধিকার রয়েছে। আপনার অভিবাসনগত অবস্থা অথবা আপনি কোথায় জন্মগ্রহণ করেছেন সে সম্পর্কে কোনো কিছু বলবেন না। যদি আপনার কাছে অভিবাসনের বৈধ ডকুমেন্ট থাকে, তাহলে সেগুলো দেখান।**

# গ্রেপ্তারের পরে

## যদি আপনি গ্রেপ্তার হন

- **কে আপনাকে গ্রেপ্তার করেছে তা জানুন**
  *-অফিসারদের নাম ও তাদের সংস্থার নাম (FBI, ICE, CBP, ইত্যাদি) লিখে রাখুন।*
  *-ব্যাজ নম্বর (ইউনিফর্মে থাকা) এবং গাড়ির লাইসেন্স প্লেট নম্বর লিখে রাখুন।*

- **একজন আইনজীবীর সাথে কথা বলার আগে আপনি বুঝতে পারছেন না এমন কোনো ডকুমেন্টে স্বাক্ষর করবেন না**
  *-এজেন্টরা আপনাকে কোনো কিছু স্বাক্ষর করার জন্য চাপ প্রয়োগ করার সম্ভাবনা রয়েছে।*
  *-তাদেরকে আপনার উপর চাপ প্রয়োগ করার সুযোগ দিবেন না। তারা আপনাকে এমন কিছুতে স্বাক্ষর করানোর চেষ্টা করতে পারেন যেখানে একজন অভিবাসন বিষয়ক বিচারকের সামনে আপনার উপস্থিত হওয়ার অধিকারকে পরিত্যাগ করা হয়।*

- **আপনার আইনজীবী অথবা একজন পরিবারের সদস্যের সাথে যোগাযোগ করুন**
  *-আপনি গ্রেপ্তার হওয়ার পরে আপনার কাউকে ফোন করার অধিকার রয়েছে।*
  *-আপনার আইনজীবী, পরিবারের সদস্য, অথবা ইউনিয়নের প্রতিনিধির নম্বর মুখস্ত করে রাখুন।*
  *-তাৎক্ষণিকভাবে তাদের সাথে যোগাযোগ করুন।*

- **আপনার কনসুলেটে যোগাযোগ করুন**
  *-সহায়তার জন্য অনুরোধ করতে আপনি যে দেশের নাগরিক সেই দেশের কনসুলেটে যোগাযোগ করার*
  *অধিকার আপনার রয়েছে।*
  *-আপনার গ্রেপ্তারের ব্যাপারে আপনার কনসুলেটকে অবহিত করার জন্য এজেন্টকে বলার অধিকার আপনার রয়েছে।*
  *-কনসুলেট আপনাকে একজন আইনজীবী খুঁজে নিতে সাহায্য করতে পারে।*
  *-এছাড়াও কনসুলেট আপনার পরিবারের সাথে যোগাযোগ করার অফার দিতে পারে।*

- **বন্ডের জন্য আবেদন করুন**

# গ্রেপ্তারের পরে

## ইমিগ্রেশন ডিটেনশন সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য

**ICE-এর কাছ থেকে পাওয়া ডিটেনশনের আদেশ কাজে লাগিয়ে স্থানীয় সরকার একজন ব্যক্তিকে কতদিন পর্যন্ত আটক রাখতে পারে?**

*ফেডারেল বিধিমালা অনুযায়ী, কোনো ইমিগ্রেশন ডিটেইনারের কাছে আটক থাকা ব্যক্তিকে শনিবার, রবিবার ও ছুটির দিন বাদে 48 ঘন্টার চেয়ে বেশি সময়ের জন্য আটক রাখা যাবে না। অভিযুক্ত যেকোনো অপরাধের জন্য স্থানীয় বা স্টেট পুলিশ যখন সেই ব্যক্তিকে নিজেদের কাস্টডি থেকে মুক্ত করে দিতো তারপর থেকে এই 48 ঘন্টার সময়কাল শুরু হবে।*

**48 ঘন্টা অতিক্রান্ত হওয়ার পরে কী ঘটবে?**

*যেহেতু ICE ডিটেইনারের কাছে স্টেট বা স্থানীয় আইন অনুযায়ী অনুমোদিত সময়ের বাইরে শুধু 48 ঘন্টার জন্য কোনো ব্যক্তিকে আটক করে রাখার অনুমতি রয়েছে, তাই 48 ঘন্টার সময়কাল শেষ হওয়ার পরে তাৎক্ষণিকভাবে সেই বন্দি ব্যক্তিকে ছেড়ে দিতে হবে। এই সময়কালের পরে, যদি আপনাকে নিজে থেকে ছেড়ে দেওয়া না হয়, তাহলে আপনার এবং/অথবা আপনার আইনজীবীর উচিত আপনাকে ছেড়ে দেওয়ার কথা বলা।*

**আদেশের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরেও কারাগার কোনো ব্যক্তিকে আটক করে রাখলে কী ঘটবে?**

*যদি জেলের কাছে ফৌজদারি অপরাধের দায়ে অভিযুক্ত হওয়ার কারণে কোনো ব্যক্তিকে বন্দি করে রাখার স্বতন্ত্র কর্তৃত্ব না থাকে, তাহলে ইমিগ্রেশন ডিটেইনারের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরে সেই ব্যক্তিকে বন্দি করে রাখা তাদের জন্য বেআইনি হবে। এটি ঘটলে, একজন আইনজীবীর সাথে যোগাযোগ করুন।*

## বন্ড সম্পর্কে নোট:

ICE কর্তৃক আটক করা কোনো ব্যক্তিকে ইমিগ্রেশন ডিটেইনারের কাছ থেকে নিয়ে যাওয়ার জন্য 48 ঘণ্টার সময়সীমা হয় সেই ব্যক্তি কোনো অভিযুক্ত ফৌজদারি অপরাধের জন্য বন্ড পরিশোধ করার পরে অথবা অন্যথায় স্টেটের কাস্টডি থেকে মুক্ত হওয়ার সময় হয়ে গেলে তখন থেকে শুরু হয়। তাই এটি সম্ভব যে সেই ব্যক্তি স্থানীয়/স্টেট বন্ড পরিশোধ করার পরে ICE সেই ব্যক্তিকে নিয়ে যাবে এবং ইমিগ্রেশন কাস্টডিতে থাকার সময়টুকু দণ্ড হিসেবে গণ্য হবে না। সম্ভব হলে, স্থানীয়

# গ্রেপ্তারের পরে

## ডিটেনশনে থাকা অবস্থায় আপনার অধিকারসমূহ

আপনার অধিকার আছে:

- ✓ **কোনো ঘোষণাপত্র বা ডকুমেন্টে স্বাক্ষর না করার, বিশেষ করে যেগুলো আপনি বুঝতে পারছেন না সেগুলোতে**

  -বিশেষভাবে সেগুলো যেখানে একজন বিচারকের সামনে আপনার শুনানির অধিকার পরিত্যাগ করা হয়।

  -আপনি বলতে পারেন যে স্বাক্ষর করার আগে আপনি একজন আইনজীবীর সাথে কথা বলতে চান।

- ✓ **আপনার অভিবাসনগত অবস্থা সম্পর্কে তথ্য প্রদান না করার**

  -আপনি যা বলবেন তা পরবর্তীতে অভিবাসন আদালতে আপনার বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে।

- ✓ **আপনার কনসুলেটে যোগাযোগ করার**

- ✓ **আপনি আটক হওয়ার পরে একটি ফোন করার**

  -আপনার আইনজীবীর অথবা একজন পরিবারের সদস্যের নম্বর মুখস্ত করে নিন।

  -তাৎক্ষণিকভাবে তাদেরকে ফোন করুন।

- ✓ **একটি বন্ড চাওয়ার**

  -আপনার সবসময় উচিত বন্ড অথবা বন্ডের জন্য শুনানি চাওয়া।

# পরিশিষ্ট A

# অলাভজনক ভিত্তিতে অভিবাসন সংক্রান্ত আইনি সেবা প্রদানকারীগণ

## দেশজুড়ে সেবা প্রদানকারীদের সম্পর্কে বর্তমান তথ্য immigrationadvocates.org/legaldirectory ঠিকানায় পাওয়া যাবে

# অলাভজনক ভিত্তিতে অভিবাসন সংক্রান্ত আইনি সেবা প্রদানকারীদের তালিকা

*আপনার ব্যক্তিগত পরিস্থিতি দেখার জন্য এবং আপনাকে আটক করা হলে সেক্ষেত্রে কোনো সমাধান আছে কিনা তা দেখতে অভিবাসন বিভাগের সঙ্গে আপনার সমস্যা হওয়ার আগেই এসব সংস্থার সঙ্গে পরামর্শ করুন।*

## *আরব কমিউনিটি সেন্টার ফর ইকোনোমিক এন্ড সোশ্যাল সার্ভিসেস – হিউম্যান সার্ভিসেস সেন্টার*

| | |
|---|---|
| **আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** | অবস্থা সমন্বয়, আশ্রয় গ্রহণের জন্য আবেদন, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ *(DACA)*, কর্মসংস্থানের অনুমোদন, কর্মসংস্থান ভিত্তিক অভিবাসী ও নন-ইমিগ্র্যান্ট পিটিশন, পরিবার ভিত্তিক পিটিশন, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অপসারণের শুনানি, বিশেষ অভিবাসী অপ্রাপ্তবয়স্ক অবস্থা, অস্থায়ী সুরক্ষিত অবস্থা *(TPS)*, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের *(VAWA)* পিটিশন |
| **অবস্থান:** | *6451 Schaefer Rd, Dearborn, MI 48126* |
| **যোগাযোগ:** | *(313) 203-1877, http://www.accesscommunity.org , hkhraizat@accesscommunity.org* |

## *ক্যাথলিক চ্যারিটিজ ডায়োসিস অব কালামাজু – অভিবাসন সহায়তা কর্মসূচি*

| | |
|---|---|
| **আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** | অবস্থা সমন্বয়, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ *(DACA)*, কর্মসংস্থানের অনুমোদন, পরিবার ভিত্তিক পিটিশন, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অস্থায়ী সুরক্ষিত অবস্থা *(TPS)*, *U* ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের *(VAWA)* পিটিশন |
| **আইনি সহায়তার ধরনসমূহ:** | ফরম সম্পন্ন করতে, *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা |
| **অবস্থান:** | *1819 Gull Rd, Kalamazoo, MI 49046* |
| **যোগাযোগ:** | *269 381 9800, http://diokzoo.org/immigration-assistance-program , samanthalindberg@ccdok.org* |

## *ক্যাথলিক চ্যারিটিজ অব সাউথইস্ট মিশিগান – লা কাসা অ্যামিগা লিগাল ক্লিনিক এন্ড কমিউনিটি প্রোগ্রামস*

| | |
|---|---|
| **আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** | অবস্থা সমন্বয়, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ *(DACA)*, কর্মসংস্থানের অনুমোদন, পরিবার ভিত্তিক পিটিশন, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অস্থায়ী সুরক্ষিত অবস্থা *(TPS)*, *U* ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের *(VAWA)* পিটিশন |
| **আইনি সহায়তার ধরনসমূহ:** | ফরম সম্পন্ন করতে, *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা |
| **অবস্থান:** | *76 Williams St, Pontiac, MI 48341* |

**যোগাযোগ:** *2483403308, http://www.ccsem.org , olszewskir@ccsem.org*

## *ডায়োসিস অব গ্র্যান্ড র‍্যাপিডস ইমিগ্রেশন লিগাল সার্ভিসেস*

**আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** অবস্থা সমন্বয়, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ (*DACA*), কর্মসংস্থানের অনুমোদন, পরিবার ভিত্তিক পিটিশন, মানবিক কারণে প্যারোল, *NACARA*, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অস্থায়ী সুরক্ষিত অবস্থা (*TPS*), মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের (*VAWA*) পিটিশন

**আইনি সহায়তার ধরনসমূহ:** *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা

**অবস্থান:** *123 Wealthy St SE, Grand Rapids, MI 49503*

**যোগাযোগ:** *(616) 551-4746, http://www.GRdiocese.org , ILS@grdiocese.org*

## *ফার্মওয়ার্কার লিগ্যাল সার্ভিস*

**আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, *T* ও *U* ভিসা

**আইনি সহায়তার ধরনসমূহ:** ফরম সম্পন্ন করতে, *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা

**অবস্থান:** *350 E. Michigan Ave., Suite 310, Kalamazoo, MI 49007*

**যোগাযোগ:** *(269) 492-7190, http://www.farmworkerlaw.org , fls@lsscm.org*

## *ফ্রিডম হাউজ ডেট্রয়েট*

**আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** আশ্রয় গ্রহণের জন্য আবেদন

**আইনি সহায়তার ধরনসমূহ:** *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা, আশ্রয় প্রার্থনার সাক্ষাতকারে প্রতিনিধিত্ব (বিশ্বাসযোগ্য ভয় সম্পর্কিত সাক্ষাতকার, যুক্তিসঙ্গত ভয় সম্পর্কিত সাক্ষাতকার), অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব

**অবস্থান:** *1777 N. Rademacher, Detroit, MI 48209*

**যোগাযোগ:** *(313) 964.4320, http://www.freedomhousedetroit.org , info@freedomhousedetroit.org*

## *ইমিগ্রেশন কানেকশন এট সিটি লাইফ চার্চ*

**আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** অবস্থা সমন্বয়, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ (*DACA*), কর্মসংস্থানের অনুমোদন, পরিবার ভিত্তিক পিটিশন, *NACARA*, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, *T* ভিসা, অস্থায়ী সুরক্ষিত অবস্থা (*TPS*), *U* ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের (*VAWA*) পিটিশন

**আইনি সহায়তার ধরনসমূহ:** ফরম সম্পন্ন করতে, *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা

**অবস্থান:** *574 S. Division Ave, STE 2A, Grand Rapids, MI 49503*

**যোগাযোগ:** *(616) 855-0563, https://www.immigrantconnectiongr.org/ , info@immigrantConnectionGR.org*

## *ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব মেট্রোপলিটন ডেট্রয়েট*

**আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** অবস্থা সমন্বয়, আশ্রয় গ্রহণের জন্য আবেদন, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ *(DACA)*, কর্মসংস্থানের অনুমোদন, পরিবার ভিত্তিক পিটিশন, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অস্থায়ী সুরক্ষিত অবস্থা *(TPS)*, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের *(VAWA)* পিটিশন

**আইনি সহায়তার ধরনসমূহ:** ফরম সম্পন্ন করতে, *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা

**অবস্থান:** *111 E. Kirby, Detroit, MI 48202*

**যোগাযোগ:** *(313) 871-8600, http://www.iimd.org , immigration@iimd.org*

## *জুয়িশ ফ্যামিলি সার্ভিস অব মেট্রোপলিটন ডেট্রয়েট – ইমিগ্রেশন এন্ড সিটিজেনশিপ সার্ভিসেস*

**আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** অবস্থা সমন্বয়, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ *(DACA)*, কর্মসংস্থানের অনুমোদন, পরিবার ভিত্তিক পিটিশন, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব

**আইনি সহায়তার ধরনসমূহ:** ফরম সম্পন্ন করতে, *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা

**অবস্থান:** *6555 W. Maple Rd, West Bloomfield, MI 48322*

**যোগাযোগ:** *(248) 592-2319, http://www.jfsdetroit.org/immigration.htm , atorman@jfsdetroit.org*

## *জাস্টিস ফর আওয়ার নেইবার্স (ডেট্রয়েট)*

**আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** অবস্থা সমন্বয়

**আইনি সহায়তার ধরনসমূহ:** ফরম সম্পন্ন করতে, *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা, আশ্রয় প্রার্থনার সাক্ষাতকারে প্রতিনিধিত্ব (বিশ্বাসযোগ্য ভয় সম্পর্কিত সাক্ষাতকার, যুক্তিসঙ্গত ভয় সম্পর্কিত সাক্ষাতকার), অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব

**অবস্থান:** *20000 W. 13 Mile Rd, Beverly Hills, MI 48025*

**যোগাযোগ:** *(734) 709-1151, http://www.jfonmi.org ,*

[appointmentsmetro@jfonmi.org](mailto:appointmentsmetro@jfonmi.org)

## *জাস্টিস ফর আওয়ার নেইবার্স (গ্র্যান্ড র‍্যাপিডস অফিস)*

| | |
|---|---|
| **আইনি সহায়তার ক্ষেত্রসমূহ*:*** | অবস্থা সমন্বয়, আশ্রয় গ্রহণের জন্য আবেদন, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ *(DACA)*, কর্মসংস্থানের অনুমোদন, কর্মসংস্থান ভিত্তিক অভিবাসী ও নন-ইমিগ্র্যান্ট পিটিশন, পরিবার ভিত্তিক পিটিশন, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অপসারণের শুনানি, বিশেষ অভিবাসী অপ্রাপ্তবয়স্ক অবস্থা, *T* ভিসা, অস্থায়ী সুরক্ষিত অবস্থা *(TPS)*, *U* ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের *(VAWA)* পিটিশন |
| **আইনি সহায়তার ধরনসমূহ*:*** | *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা, আশ্রয় প্রার্থনার সাক্ষাতকারে প্রতিনিধিত্ব (বিশ্বাসযোগ্য ভয় সম্পর্কিত সাক্ষাতকার, যুক্তিসঙ্গত ভয় সম্পর্কিত সাক্ষাতকার), অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব, অভিবাসন আপিলের বোর্ডের (*BIA*) সামনে প্রতিনিধিত্ব |
| **অবস্থান*:*** | *207 Fulton St East, Grand Rapids, MI 49503* |
| **যোগাযোগ*:*** | *(616) 301-7461, [http://jfonmi.org](http://jfonmi.org) , [appointments@jfonsemi.org](mailto:appointments@jfonsemi.org)* |

## *জাস্টিস ফর আওয়ার নেইবার্স (কালামাজু অফিস)*

| | |
|---|---|
| **আইনি সহায়তার ক্ষেত্রসমূহ*:*** | অবস্থা সমন্বয়, আশ্রয় গ্রহণের জন্য আবেদন, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ *(DACA)*, কর্মসংস্থানের অনুমোদন, পরিবার ভিত্তিক পিটিশন, হেবিয়াস কর্পাস, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অপসারণের শুনানি, বিশেষ অভিবাসী অপ্রাপ্তবয়স্ক অবস্থা, *T* ভিসা, *U* ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের *(VAWA)* পিটিশন |
| **আইনি সহায়তার ধরনসমূহ*:*** | ফরম সম্পন্ন করতে, *USCIS*-এর কাছে জমা দিতে সাহায্য করা, আশ্রয় প্রার্থনার সাক্ষাতকারে প্রতিনিধিত্ব (বিশ্বাসযোগ্য ভয় সম্পর্কিত সাক্ষাতকার, যুক্তিসঙ্গত ভয় সম্পর্কিত সাক্ষাতকার), অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব |
| **অবস্থান*:*** | *212 S. Park Street, Kalamazoo, MI 49007* |
| **যোগাযোগ*:*** | *(269) 743-2501, [http://jfonmi.org](http://jfonmi.org) , [vsoledad@jfonmi.org](mailto:vsoledad@jfonmi.org)* |

## লাইটহাউজ ইমিগ্র্যান্ট অ্যাডভোকেট

| | |
|---|---|
| **আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** | **অবস্থা সমন্বয়, আশ্রয় গ্রহণের জন্য আবেদন, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ (DACA), কর্মসংস্থানের অনুমোদন, কর্মসংস্থান ভিত্তিক অভিবাসী ও নন-ইমিগ্র্যান্ট** |

| | |
|---|---|
| | পিটিশন, পরিবার ভিত্তিক পিটিশন, মানবিক কারণে প্যারোল, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, আফগানীদের জন্য P1 বা P2, বিশেষ অভিবাসী অপ্রাপ্তবয়স্ক অবস্থা, বিশেষ অভিবাসন ভিসা (SIV), T ভিসা, অস্থায়ী সুরক্ষিত অবস্থা (TPS), U ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের (VAWA) পিটিশন |
| **আইনি সহায়তার ধরনসমূহ:** | ফরম সম্পন্ন করতে, USCIS–এর কাছে জমা দিতে সাহায্য করা, আশ্রয় প্রার্থনার সাক্ষাতকারে প্রতিনিধিত্ব (বিশ্বাসযোগ্য ভয় সম্পর্কিত সাক্ষাতকার, যুক্তিসঙ্গত ভয় সম্পর্কিত সাক্ষাতকার) |
| **অবস্থান:** | 412 W 24th St, Holland, MI 49423 |
| **যোগাযোগ:** | 6162988984, https://lia-michigan.org/ , admin@lia-michigan.org |

## মিশিগান ইমিগ্র্যান্ট রাইটস সেন্টার (গ্র্যান্ড র‍্যাপিডস, কালামাজু, ডেট্রয়েট, ল্যানসিং ও ইপসিলান্তি অফিস)

| | |
|---|---|
| **আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** | অবস্থা সমন্বয়, আশ্রয় গ্রহণের জন্য আবেদন, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ (DACA), কর্মসংস্থানের অনুমোদন, হেবিয়াস কর্পাস, NACARA, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অপসারণের শুনানি, বিশেষ অভিবাসী অপ্রাপ্তবয়স্ক অবস্থা, T ভিসা, অস্থায়ী সুরক্ষিত অবস্থা (TPS), U ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের (VAWA) পিটিশন |
| **আইনি সহায়তার ধরনসমূহ:** | ফরম সম্পন্ন করতে, USCIS–এর কাছে জমা দিতে সাহায্য করা, অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব |
| **অবস্থান:** | গ্র্যান্ড র‍্যাপিডস, কালামাজু, ডেট্রয়েট, ল্যানসিং, ইপসিলান্তি - অ্যাপয়েন্টমেন্ট অনুযায়ী |
| **যোগাযোগ:** | (734) 239-6863, http://michiganimmigrant.org , mirc@michiganimmigrant.org |

## মিশিগান স্টেট ইউনিভার্সিটির কলেজ অব ল–এর ইমিগ্রেশন ল ক্লিনিক

| | |
|---|---|
| **আইনি সহায়তার ক্ষেত্রসমূহ:** | আশ্রয় গ্রহণের জন্য আবেদন, পরিবার ভিত্তিক পিটিশন, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অপসারণের শুনানি, বিশেষ অভিবাসী অপ্রাপ্তবয়স্ক অবস্থা, T ভিসা, U ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের (VAWA) পিটিশন |
| **আইনি সহায়তার ধরনসমূহ:** | ফরম সম্পন্ন করতে, USCIS–এর কাছে জমা দিতে সাহায্য করা, আশ্রয় প্রার্থনার সাক্ষাতকারে প্রতিনিধিত্ব (বিশ্বাসযোগ্য ভয় সম্পর্কিত সাক্ষাতকার, যুক্তিসঙ্গত ভয় সম্পর্কিত সাক্ষাতকার), অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব, অভিবাসন আপিলের বোর্ডের (BIA) সামনে প্রতিনিধিত্ব, ফেডারেল আদালতে আপিল |

| | |
|---|---|
| অবস্থান: | 648 North Shaw Lane, East Lansing, MI 48824 |
| যোগাযোগ: | (517) 432-6880, http://www.law.msu.edu/clinics/immigration/about.html , veronica.thronson@law.msu.edu |

## মিশিগান ইউনাইটেড – পূর্ব (ডেট্রয়েট অফিস)

| | |
|---|---|
| আইনি সহায়তার ক্ষেত্রসমূহ: | শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ (DACA), ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব |
| আইনি সহায়তার ধরনসমূহ: | ফরম সম্পন্ন করতে, USCIS-এর কাছে জমা দিতে সাহায্য করা |
| অবস্থান: | 4405 Wesson Street, Detroit, MI 48210 |
| যোগাযোগ: | (248) 509-4430, http://www.miunited.org , diego@miunited.org |

## সাউথওয়েস্ট ডেট্রয়েট ইমিগ্র্যান্ট এন্ড রিফিউজি সেন্টার

| | |
|---|---|
| আইনি সহায়তার ক্ষেত্রসমূহ: | অবস্থা সমন্বয়, আশ্রয় গ্রহণের জন্য আবেদন, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ (DACA), কর্মসংস্থানের অনুমোদন, কর্মসংস্থান ভিত্তিক অভিবাসী ও নন-ইমিগ্র্যান্ট পিটিশন, পরিবার ভিত্তিক পিটিশন, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, আফগানীদের জন্য P1 বা P2, অপসারণের শুনানি, বিশেষ অভিবাসী অপ্রাপ্তবয়স্ক অবস্থা, বিশেষ অভিবাসন ভিসা (SIV), T ভিসা, অস্থায়ী সুরক্ষিত অবস্থা (TPS), U ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের (VAWA) পিটিশন |
| আইনি সহায়তার ধরনসমূহ: | ফরম সম্পন্ন করতে, USCIS-এর কাছে জমা দিতে সাহায্য করা, আশ্রয় প্রার্থনার সাক্ষাতকারে প্রতিনিধিত্ব (বিশ্বাসযোগ্য ভয় সম্পর্কিত সাক্ষাতকার, যুক্তিসঙ্গত ভয় সম্পর্কিত সাক্ষাতকার), অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব, অভিবাসন আপিলের বোর্ডের (BIA) সামনে প্রতিনিধিত্ব, ফেডারেল আদালতে আপিল |
| অবস্থান: | 17375 Harper Ave. , Suite 24124, Detroit , MI 48224 |
| যোগাযোগ: | 313-288-9904, https://detimmigrantcenter.com/ , Info@detimmigrantcenter.com |

## সেন্ট ভিনসেন্ট ক্যাথলিক চ্যারিটিজ – ইমিগ্রেশন ল ক্লিনিক

| | |
|---|---|
| আইনি সহায়তার ক্ষেত্রসমূহ: | অবস্থা সমন্বয়, আশ্রয় গ্রহণের জন্য আবেদন, কনসুলার প্রক্রিয়াকরণ, শৈশবে এসে উপস্থিত হওয়ার জন্য বিলম্বিত পদক্ষেপ গ্রহণ (DACA), কর্মসংস্থানের অনুমোদন, কর্মসংস্থান ভিত্তিক অভিবাসী ও নন-ইমিগ্র্যান্ট পিটিশন, পরিবার ভিত্তিক পিটিশন, NACARA, ন্যাচারালাইজেশন/নাগরিকত্ব, অপসারণের শুনানি, বিশেষ অভিবাসী |

| | |
|---|---|
| | অপ্রাপ্তবয়স্ক অবস্থা, T ভিসা, অস্থায়ী সুরক্ষিত অবস্থা (TPS), U ভিসা, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইনের (VAWA) পিটিশন |
| আইনি সহায়তার ধরনসমূহ: | USCIS–এর কাছে জমা দিতে সাহায্য করা, আশ্রয় প্রার্থনার সাক্ষাতকারে প্রতিনিধিত্ব (বিশ্বাসযোগ্য ভয় সম্পর্কিত সাক্ষাতকার, যুক্তিসঙ্গত ভয় সম্পর্কিত সাক্ষাতকার), অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব, অভিবাসন আপিলের বোর্ডের (BIA) সামনে প্রতিনিধিত্ব, ফেডারেল আদালতে আপিল |
| অবস্থান: | 2800 W. Willow St., Lansing, MI 48917 |
| যোগাযোগ: | (517) 323-4734 এক্সটেনশন 1800, http://www.stvcc.org |

# পরিশিষ্ট B

# গুরুত্বপূর্ণ ফরম

# অভিভাবকীয় কর্তৃত্ব অর্পণ (Delegation of Parental Authority, DPA) সম্পর্কে নির্দেশনা

### ধাপ 1: আপনার DPA প্রস্তুত করুন

নিজে নিজে অভিভাবকীয় কর্তৃত্ব অর্পণ করুন টুল ব্যবহার করুন।

### ধাপ 2: DPA-তে স্বাক্ষর করুন

মিশিগানের আইন অনুযায়ী কোনো নোটারির স্বাক্ষর বা সাক্ষীর স্বাক্ষর ছাড়াই অভিভাবকীয় কর্তৃত্ব অর্পণ বৈধ হবে। **তবে, যদি এই ফরম নোটারাইজ করা থাকে এবং সাক্ষীর স্বাক্ষরযুক্ত হয়, তাহলে কিছু ডাক্তার, স্কুল, বা অন্যদের সেটি গ্রহণ করার সম্ভাবনা বেশি থাকে।** যদি আপনি সাক্ষী ও একজন নোটারি খুঁজে নিতে পারেন, তাহলে তাদেরকে সাক্ষী রেখে আপনার স্বাক্ষর প্রদান করা এবং ফরমে তাদের স্বাক্ষর নেওয়া সবচেয়ে ভালো।

অন্য কিছু স্টেটে DPA-তে সাক্ষীর ও নোটারির স্বাক্ষর থাকা আবশ্যক। যদি আপনি এটিতে সাক্ষী ও নোটারির স্বাক্ষর যুক্ত করেন, তাহলে এর মাধ্যমে আপনি প্রয়োজন হলে সেক্ষেত্রে আরেকটি স্টেটে সেটি গ্রহণযোগ্য হওয়ার সম্ভাবনা বৃদ্ধি করতে পারবেন। এছাড়া, স্বাস্থ্য পেশাজীবী, স্কুল এবং অন্যান্য যারা এই ফরমের সাথে ইন্টারঅ্যাক্ট করবেন তারা আইনি বিশেষজ্ঞ নন। যদিও সাক্ষী ও নোটারির স্বাক্ষর ছাড়াই এই ফরম লোকজনের গ্রহণ করা উচিত, এটিতে যা বলা হয়েছে সেটা তাদের করা উচিত কিনা সে ব্যাপারে তাদের নিশ্চিত হতে না পারার সম্ভাবনা রয়েছে। এই ফরমে সাক্ষী ও নোটারির স্বাক্ষর থাকা ডাক্তারের অফিস ও স্কুলগুলোকে আশ্বস্ত করতে পারে যে ফরমটি বৈধ।

প্রায় ক্ষেত্রেই কাউন্টি অফিসগুলোতে, যেমন কাউন্টি ক্লার্ক হিসেবে এবং সেইসাথে ব্যাংক, ক্রেডিট ইউনিয়ন, আইন অফিস ও বিমা কোম্পানিগুলোতে নোটারিদের পাওয়া যায়। কিছু নোটারি শুধু তাদের কর্মসংস্থানের অংশ হিসেবে ডকুমেন্টে স্বাক্ষর করে থাকেন। নোটারি এধরনের ডকুমেন্টের ক্ষেত্রে সাহায্য করতে ইচ্ছুক রয়েছেন তা নিশ্চিত করতে এবং তিনি কোনো ফি চার্জ করেন কিনা তা জানতে প্রথমে ফোন করে জেনে নিন।

**যদি আপনি আপনার ফরম নোটারাইজ করেন**, তাহলে আপনি নোটারির সামনে উপস্থিত হওয়ার আগে ফরমে স্বাক্ষর করবেন না। আপনার সঙ্গে দুইজন সাক্ষী আনুন। সাক্ষীদের ও নোটারির সামনে ফরমের প্রথম পৃষ্ঠার নিচের দিকে "বাবা-মায়ের স্বাক্ষর" লেখা অংশে স্বাক্ষর করুন। আপনি স্বাক্ষর করার (এবং অন্য বাবা বা মা, যদি তিনি স্বাক্ষর করেন) পরে, সাক্ষীদের উচিত দ্বিতীয় পৃষ্ঠার উপরের অংশে "সাক্ষীগণ" লেখা অংশে স্বাক্ষর করা। তাদেরকে উপরের লাইনে নিজের নামের স্বাক্ষর প্রদান করতে হবে, তারপর স্বাক্ষরের নিচের লাইনে স্পষ্টাক্ষরে তার নাম লিখতে হবে। আপনি ও সাক্ষীরা স্বাক্ষর করার পরে, ফরমটি নোটারিকে দিন এবং তিনি তার অংশ সম্পন্ন করবেন।

**যদি আপনি সাক্ষী ও নোটারি ব্যবহার না করেন**, তাহলে ফরমের প্রথম পৃষ্ঠার নিচের দিকে "বাবা-মায়ের

স্বাক্ষর” লেখা অংশে আপনার ফরমে স্বাক্ষর করুন।

### ধাপ 3: ঐচ্ছিক: স্বাস্থ্যসেবা সংক্রান্ত ডকুমেন্ট সংযুক্ত করুন

যদি আপনি আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারী সম্পর্কে তথ্য এবং মেডিকেল তথ্য অন্তর্ভুক্ত করে থাকেন, তাহলে "স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের সংযুক্তি" নামক ফরমে এটি লেখা হবে। এই পৃষ্ঠা আবশ্যক নয়, কিন্তু আপনি যাকে কেয়ারগিভার হিসেবে উল্লেখ করেছেন তার জন্য সহায়ক হতে পারে।

এছাড়া আপনার সন্তানের মেডিকেল বিমা কার্ডের একটি কপি থাকাও কেয়ারগিভারের জন্য সহায়ক হতে পারে। যদি আপনি বিমা কার্ডের সামনের ও পিছনের অংশের কপি তৈরি করতে চান, তাহলে স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের সংযুক্তির পরে সেটি সংযুক্ত করে দিন।

### ধাপ 4: মূল DPA কোথায় সংরক্ষণ করতে হবে সে বিষয়ে সিদ্ধান্ত নিন

DPA একটি নিরাপদ জায়গায় রাখুন। যদি আপনার এজেন্ট (আপনার সন্তানের দেখাশোনার জন্য আপনি যে ব্যক্তির নাম উল্লেখ করেছেন) তাৎক্ষণিকভাবে এই ফরম ব্যবহার করার কথা থাকে, তাহলে মূল কপিটি এজেন্টকে দিন।
কিছু ব্যক্তি মূল কপি নিজের কাছে রেখে দেওয়ার সিদ্ধান্ত নিতে পারেন, যদি তারা তাদের সন্তানকে তাৎক্ষণিকভাবে ফরমে উল্লেখ করা ব্যক্তির কাছে রেখে না যান।

আপনি কী করবেন সেটা এই ফরম আপনি কিভাবে ব্যবহার করছেন এবং কোনটি আপনার কাছে নিরাপদ মনে হয় তার উপর নির্ভর করবে। ফরমটি আপনার নিজের কাছে রেখে দেওয়া আপনি যে ব্যক্তির নাম উল্লেখ করেছেন তিনি আপনি যখন থেকে চান তার আগে অভিভাবকীয় কর্তৃত্ব প্রয়োগ করতে না পারার বিষয়টি নিশ্চিত করে। মূল ফরমটি আপনি যে ব্যক্তির নাম উল্লেখ করেছেন তাকে প্রদান করা নিশ্চিত করে যে কোনো জরুরি অবস্থা দেখা দিলে, তিনি প্রথমে কাগজপত্রের খোঁজ না করে তাৎক্ষণিকভাবে সিদ্ধান্ত নিতে সক্ষম হবেন।

### ধাপ 5: DPA-এর কপি তৈরি করুন এবং সেটি বিতরণ করুন

DPA-এর কমপক্ষে একটি কপি তৈরি করুন। যিনি আপনার সন্তানের দেখাশোনা করবেন সেই ব্যক্তিকে আপনি মূল কপি প্রদান করলে আপনার নিজের রেকর্ডের জন্য একটি কপি রাখুন। কেয়ারগিভার যখন এটি ব্যবহার করতে চাইবেন তখন তার মূল স্বাক্ষরিত ফরম প্রয়োজন হবে, তাই যদি আপনি মূল কপি নিজের কাছে রেখে দেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে নিশ্চিত করুন যে ফরমে আপনি যে ব্যক্তির নাম উল্লেখ করেছেন তিনি কোনো জরুরি অবস্থা দেখা দিলে কিভাবে DPA খুঁজে নিতে হবে তা জানেন।

# অভিভাবকীয় কর্তৃত্ব অর্পণ

We, ______________________________ and
Name of parent #1
__________________________, wish to temporarily
Name of parent #2
leave our minor child ____________________
name of child(ren)
in the care and custody of ________________,
name of agent
who lives at ______________________________,
Street address
_________________, Michigan ____________.
City zip code

We appoint and vest in our Agent full powers as a substitute parent, giving them the authority to do anything and everything required for our child's care. We also authorize our Agent to do any of the things that we, as a parent, could do on behalf of our child. We specifically authorize

_____________________
Name of agent

to:

(1) Consent to medical and/or dental care for our child;

(2) Enroll our minor child in appropriate schools and/or educational programs;

(3) Act or consent to any and all acts with respect to our child's health and well-being, except the power to consent to guardianship, adoption, or marriage.

This delegation of parental powers is given pursuant to MCL 700.5103, and will become effective on _________________.

This power expires six (6) months from the date it begins or on my declaration, whichever comes first.

আমরা, ______________________________ ও
বাবা বা মা #1 এর নাম
________________________, সাময়িকভাবে আমাদের
বাবা বা মা #2 এর নাম
অপ্রাপ্তবয়স্ক সন্তান ________________________
সন্তানের নাম
নিম্নলিখিত ব্যক্তির দায়িত্বে ও কাস্টডিতে অর্পণ করতে চাই ______________________________,
এজেন্টের নাম
যার বসবাসের ঠিকানা
________________________,
সড়কের ঠিকানা
_______________, মিশিগান ______________.
সিটি জিপ কোড

আমরা আমাদের এজেন্টকে একজন বিকল্প অভিভাবক হিসেবে নিযুক্ত করছি এবং সম্পূর্ণ ক্ষমতা প্রদান করছি এবং তাকে আমাদের সন্তানের দেখাশোনার জন্য আবশ্যক সবকিছু করার কর্তৃত্ব প্রদান করছি। এছাড়াও আমরা বাবা-মা হিসেবে আমাদের সন্তানের পক্ষ থেকে যেসব কাজ করতে পারতাম সেসব কাজ করার জন্য আমাদের এজেন্টকে অনুমোদন দিচ্ছি। সুনির্দিষ্টভাবে আমরা

______________________________
এজেন্টের নাম

কে অনুমোদন দিচ্ছি:

(1) আমাদের সন্তানের মেডিকেল এবং/অথবা ডেন্টাল সেবার জন্য সম্মতি প্রদান করতে;

(2) আমাদের অপ্রাপ্তবয়স্ক সন্তানকে যথাযথ স্কুলে এবং/অথবা শিক্ষামূলক কর্মসূচিতে তালিকাভুক্ত করতে;

(3) আমাদের সন্তানের স্বাস্থ্য ও সুস্থতার সাথে সম্পর্কিত যেকোনো কাজ করা অথবা কাজ করার সম্মতি দেওয়ার জন্য অনুমোদন দিচ্ছি, অভিভাবকত্ব, দত্তক নেওয়া, অথবা বিয়ের জন্য সম্মতি প্রদান করার ক্ষমতা ব্যতীত।

| | |
|---|---|
| | এই অভিভাবকীয় কর্তৃত্ব অর্পণ MCL 700.5103 অনুযায়ী প্রদান করা হয়েছে এবং এই তারিখে কার্যকর হবে ___________________ এই ক্ষমতার মেয়াদ শেষ হয়ে যাবে এটি শুরু হওয়ার তারিখ থেকে ছয় (6) মাস পরে অথবা আমি ঘোষণা দেওয়ার পরে, যেটি প্রথমে ঘটে। |

অভিভাবকদের স্বাক্ষর/*firma de padres*:

/s/________________________________ /s/_____________________________________

মা/madre বাবা/padre

NOTE: **Michigan does not require this document to be witnessed and notarized**. If you wish to have this form witnessed and notarized, do so here:

নোট: **মিশিগান এই ডকুমেন্টে সাক্ষী ও নোটারির স্বাক্ষর থাকা আবশ্যক করেনি।** যদি আপনি এই ফরমে সাক্ষী ও নোটারির স্বাক্ষর যুক্ত করতে চান, তাহলে সেটা এখানে করুন:

Witnesses/সাক্ষী:

/s/___________________________________ /s/________________________________

Print name of witness 1, if any:
স্পষ্টাক্ষরে সাক্ষী 1-এর নাম, যদি সাক্ষী থাকে:

Print name of witness 2, if any:
স্পষ্টাক্ষরে সাক্ষী 2-এর নাম, যদি সাক্ষী থাকে:

_______________________________________ ________________________________

STATE OF MICHIGAN/স্টেট অফ মিশিগান )
____________________ COUNTY/কাউন্টি )

Acknowledged before me and the witnesses, ____________________ and ____________________ in
*witness #1 name* *witness #2 name*
___________________ County, Michigan, on ____________________ by ___________________
*County name* *Date* *Parent #1 name*
and ______________________________ by:
*Parent #2 name*

আমার ও সাক্ষীদের সামনে স্বীকৃতি দিয়েছেন, ________________________________ এবং ______________
*সাক্ষী #1 এর নাম* *সাক্ষী #2 এর নাম*
___________________ কাউন্টি, মিশিগান, ________________________ তারিখে ___________________
*কাউন্টির নাম* *তারিখ* *বাবা বা মা #1 এর নাম*
এবং ______________________________:
*বাবা বা মা #2 এর নাম*

/s/ ___________________________________

Notary public/নোটারি পাবলিক: ______________________________

State of Michigan, County of/মিশিগান স্টেট, ___________ কাউন্টি।

My commission expires/আমার কমিশনের মেয়াদ শেষ হবে __

# স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের সংযুক্তি

| | |
|---|---|
| **Health Insurance Information**<br>Our health insurance carrier is:<br>Name: ______________________________<br>Policy number: ______________________<br>group number: ______________________ | **স্বাস্থ্য বিমা সংক্রান্ত তথ্য**<br>আমাদের স্বাস্থ্য বিমা ক্যারিয়ার হলো:<br>নাম: ______________________________<br>পলিসি নম্বর: ________________________<br>গ্রুপ নম্বর: _________________________ |
| **Hospital Preference**<br>Name: ____________________________<br>Address: ___________________________ | **হাসপাতালের পছন্দ**<br>নাম: ______________________________<br>ঠিকানা: ____________________________ |
| **Health Care Providers**<br>Type of provider: ____________________<br>Name of provider: ___________________<br>Address: ___________________________<br>Phone number: _______________________ | **স্বাস্থ্যসেবা প্রদানকারী**<br>সেবা প্রদানকারীর ধরন:__________________<br>প্রোভাইডারের নাম: ____________________<br>ঠিকানা: ____________________________<br>ফোন নম্বর: __________________________ |

**Information about Medical Conditions**
**মেডিকেল অবস্থা সম্পর্কিত তথ্য**

Allergies/অ্যালার্জিসমূহ:

________________________________________________________

medical conditions/ মেডিকেল অবস্থা:

_____________________________________________

Medications/ওষুধপত্র: ________________________________________________________

May NOT have the following medications/ নিম্নলিখিত ওষুধ নাও থাকতে পারে:

____________

________________________________________________________________________

Other health information/অন্যান্য স্বাস্থ্য তথ্য: __________________________________________

# অভিভাবকীয় কর্তৃত্ব অর্পণ
# আমার সন্তানের দেখাশোনার জন্য সম্মতি

(1) আমি, ____________________________, শিশুর নাম
মা/বাবার নাম

____________________, যার জন্মতারিখ _______________, তার কাস্টডিয়ান বাবা বা মা, MCL
শিশুর নাম সন্তানের জন্মতারিখ

700.5103 অনুযায়ী, আমার অপ্রাপ্তবয়স্ক সন্তানের দেখাশোনা সম্পর্কিত **সব অভিভাবকীয় কর্তৃত্ব নিম্নলিখিত ব্যক্তিকে অর্পণ করছি**, যার মধ্যে মেডিকেল, ডেন্টাল, বা মানসিক সেবা চাওয়ার অধিকার এবং অপ্রাপ্তবয়স্ক শিশুকে স্কুলে ভর্তি করানোর অধিকার অন্তর্ভুক্ত রয়েছে: ______________________________.
নতুন কাস্টডিয়ানের নাম

(2) এই ক্ষমতার সুস্পষ্ট উদ্দেশ্য হলো এজেন্টকে আমার সন্তানের নিরাপদ ও ফলপ্রসূ দেখাশোনা নিশ্চিত করার জন্য অপরিহার্য সব কাজ এবং তার দেখাশোনার জন্য অপরিহার্য সব কাজ সম্পন্ন করার অনুমতি দেওয়া। এই প্লেসমেন্ট শিক্ষামূলক উদ্দেশ্যের কারণে করা হয়নি।

(3) এই পাওয়ার অব অ্যাটর্নি __________________________ -কে বিবাহের জন্য সম্মতি প্রদান করার ক্ষমতা
নতন কাস্টডিয়ানের নাম
অথবা অপ্রাপ্তবয়স্ক ব্যক্তিকে দত্তক প্রদান করার ক্ষমতা অর্পণ করে না।

(4) এই পাওয়ার অব অ্যাটর্নি সর্বোচ্চ 180 দিনের জন্য প্রযোজ্য হবে, যে সময়ের পরে নিম্নস্বাক্ষরকারী এটি নবায়ন করতে পারেন।

(5) এই ডকুমেন্টে প্রদান করা পাওয়ার অব অ্যাটর্নি
________________________________. এর নির্দেশনা অনুযায়ী যেকোনো সময় প্রত্যাহার করা যেতে পারে।
মা/বাবার নাম

তারিখ:____________________ _________________________________
বাবা বা মায়ের স্বাক্ষর

তারিখ:____________________ _________________ _________________
সাক্ষী সাক্ষী

মিশিগান স্টেট ) ss
কাউন্টি )

_______ তম দিন, _____________মাস, 20____, _______________________________________ ব্যক্তিগতভাবে সরাসরি আমার সামনে উপস্থিত হয়েছেন এবং উপরের ডকুমেন্টে স্বাক্ষর করেছেন এবং এটি তিনি স্বাধীনভাবে, নিজ

ইচ্ছায় করেছেন বলে স্বীকার করেছেন।

________________________________________


*স্বাক্ষর*

নাম: _______________________________


নোটারি পাবলিক, মিশিগান স্টেট, ____________ কাউন্টি

____________________ কাউন্টিতে দায়িত্বরত

আমার কমিশনের মেয়াদ শেষ হবে: ____________________________

| | |
|---|---|
|  | **গুরুত্বপূর্ণ টেলিফোন নম্বর ও তথ্য** |
| **<u>জরুরি</u>:** ***গুরুতর জরুরি পরিস্থিতি দেখা দিলে*** **911-এ ফোন করুন** | **<u>বিমার তথ্য</u>:**<br>**স্বাস্থ্য বিমা** |
| | কোম্পানি: |
| পুলিশ বিভাগ: | ফোন নম্বর: |
| ফায়ার ডিপার্টমেন্ট: | পলিসি নম্বর: |
| আমার দেশের কনসুলেট: | **গাড়ির বিমা** |
| **<u>যুক্তরাষ্ট্রে পরিবার/গুরুত্বপূর্ণ যোগাযোগের ব্যক্তি</u>** | কোম্পানি: |
| **নাম:** | ফোন: |
| হোম ফোন: | পলিসি নম্বর: |
| সেল ফোন: | গাড়ি 1: |
| কর্মস্থল: | VIN #/প্লেট #: |
| সম্পর্ক: | গাড়ি 2: |
| **নাম:** | VIN #/প্লেট #: |
| হোম ফোন: | **বাড়ির বিমা** |
| সেল ফোন: | কোম্পানি: |
| কর্মস্থল: | ফোন: |
| সম্পর্ক: | পলিসি নম্বর: |
| **<u>আমার দেশে পরিবার/গুরুত্বপূর্ণ যোগাযোগের ব্যক্তি</u>** | **<u>গুরুত্বপূর্ণ মেডিকেল তথ্য</u>** |
| **নাম:** | **ডাক্তারের নাম:** |
| হোম ফোন: | ফোন: |
| সেল ফোন: | **ডেন্টিস্টের নাম:** |
| কর্মস্থল: | ফোন: |
| সম্পর্ক: | **পেডিয়াট্রিশিয়ানের নাম:** |
| **নাম:** | ফোন: |
| হোম ফোন: | **হাসপাতাল:** |
| সেল ফোন: | ফোন: |
| কর্মস্থল: | **ফার্মাসি:** |

| | |
|---|---|
| সম্পর্ক: | ফোন: |

| | |
|---|---|
|  | **গুরুত্বপূর্ণ পারিবারিক রেকর্ড**<br>সব গুরুত্বপূর্ণ তথ্য একই স্থানে পেতে এই ফরম ব্যবহার করুন। প্রতিটি ডকুমেন্টের মূল কপি একটি নিরাপদ স্থানে (যেমন লক বক্সে) রাখুন। |
| **কর্মস্থলের গুরুত্বপূর্ণ নম্বর** | **গুরুত্বপূর্ণ স্কুল/ডে-কেয়ারের নম্বর** |
| **নিয়োগকর্তা #1** | **স্কুল #1** |
| নাম: | **সন্তানের নামঃ 20100609~21** |
| ফোন: | স্কুলের নাম: |
| সুপারভাইজার: | শিক্ষকের নাম: |
| শুরু হওয়ার তারিখ: | ফোন: |
| ইউনিয়নের প্রতিনিধি: | স্কুলের আইডি নম্বর: |
| ফোন: | **সন্তানের নামঃ 20100609~21** |
| **নিয়োগকর্তা #1** | শিক্ষকের নাম: |
| নাম: | স্কুলের আইডি নম্বর: |
| ফোন: | **স্কুল #2** |
| সুপারভাইজার: | **সন্তানের নামঃ 20100609~21** |
| শুরু হওয়ার তারিখ: | স্কুলের নাম: |
| ইউনিয়নের প্রতিনিধি: | শিক্ষকের নাম: |
| ফোন: | ফোন: |
| **আপনার যানবাহন সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য** | স্কুলের আইডি নম্বর: |
| **যানবাহন 1-এর মেক/মডেল:** | **সন্তানের নামঃ 20100609~21** |
| প্লেট #: | শিক্ষকের নাম: |
| VIN/ID #: | স্কুলের আইডি নম্বর: |
| গাড়ির জন্য ঋণ: | **সোশ্যাল সিকিউরিটি #/ITIN** |
| বিমা: | **নাম:** |
| **যানবাহন 2-এর মেক/মডেল:** | নম্বর: |
| প্লেট #: | **নাম:** |
| VIN/ID #: | নম্বর: |
| গাড়ির জন্য ঋণ: | **নাম:** |
| বিমা: | নম্বর: |

| | |
|---|---|
| *প্রতিটি যানবাহনের নিবন্ধন ও বিমার একটি কপি এবং প্রতিটি যানবাহনের একটি ছবি সংযুক্ত করুন।* | *প্রতিটি সোশ্যাল সিকিউরিটি কার্ডের একটি কপি সংযুক্ত করুন* |

| | |
|---|---|
| **<u>পরিবারের সদস্য #1</u>** | |
| নাম: | |
| জন্মতারিখ: | অঙ্গ দানকারী: **হ্যাঁ** **না** |
| অ্যালার্জিসমূহ: | |
| ওষুধপত্র: | |
| মেডিকেল অবস্থা ও মেডিকেল ইতিহাস: | |
| **<u>পরিবারের সদস্য #2</u>** | |
| নাম: | |
| জন্মতারিখ: | অঙ্গ দানকারী: **হ্যাঁ** **না** |
| অ্যালার্জিসমূহ: | |
| ওষুধ/মেডিকেল অবস্থা ও ইতিহাস: | |
| **<u>পরিবারের সদস্য #3</u>** | |
| নাম: | |
| জন্মতারিখ: | অঙ্গ দানকারী: **হ্যাঁ** **না** |
| অ্যালার্জিসমূহ: | |
| ওষুধ/মেডিকেল অবস্থা ও ইতিহাস: | |
| **<u>পরিবারের সদস্য #4</u>** | |
| নাম: | |
| জন্মতারিখ: | অঙ্গ দানকারী: **হ্যাঁ** **না** |
| অ্যালার্জিসমূহ: | |
| ওষুধ/মেডিকেল অবস্থা ও ইতিহাস: | |


| **পরিবারের সদস্য #5** | | | |
|---|---|---|---|
| নাম: | | | |
| জন্মতারিখ: | অঙ্গ দানকারী: | **হ্যাঁ** | **না** |
| অ্যালার্জিসমূহ: | | | |
| ওষুধ/মেডিকেল অবস্থা ও ইতিহাস: | | | |
| **পরিবারের সদস্য #6** | | | |
| নাম: | | | |
| জন্মতারিখ: | অঙ্গ দানকারী: | **হ্যাঁ** | **না** |
| অ্যালার্জিসমূহ: | | | |
| ওষুধ/মেডিকেল অবস্থা ও ইতিহাস: | | | |
| **পরিবারের সদস্য #7** | | | |
| নাম: | | | |
| জন্মতারিখ: | অঙ্গ দানকারী: | **হ্যাঁ** | **না** |
| অ্যালার্জিসমূহ: | | | |
| ওষুধ/মেডিকেল অবস্থা ও ইতিহাস: | | | |

| **যেসব ব্যক্তি আমার সন্তানকে স্কুল/ডে-কেয়ার থেকে নিয়ে যেতে পারবেন** | **যেসব ব্যক্তি আমার সন্তানকে নিয়ে যেতে পারবেন না** |
|---|---|
| **নাম:** | নাম: |
| জন্মতারিখ: | |
| হোম ফোন: | নাম: |
| সেল ফোন: | |
| কর্মস্থল: | নাম: |
| সম্পর্ক: | |

| নাম: | *অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের কর্মীদেরকে অবহিত করুন যে এসব সেকশনে তালিকাভুক্ত ব্যক্তিদের আপনার সন্তানকে নিয়ে যাওয়ার অনুমতি রয়েছে অথবা অনুমতি নেই।<br>*যদি কোনো রিস্ট্রেইনিং অর্ডার থাকে, তাহলে এই আদেশের একটি কপি সংযুক্ত করুন এবং আরেকটি কপি আপনার সন্তানের স্কুলে এবং/অথবা ডে-কেয়ারে জমা দিন। |
|---|---|
| জন্মতারিখ: | |
| হোম ফোন: | |
| সেল ফোন: | |
| কর্মস্থল: | |
| সম্পর্ক: | |

| | |
|---|---|
|  | **আইনি সমস্যা, পরিচয় চুরি, ও জালিয়াতির ব্যাপারে যোগাযোগের জন্য ব্যক্তি**<br>*আপনার নিরাপত্তার জন্য এই ডকুমেন্টে আপনার ক্রেডিট কার্ডের নম্বর অথবা অ্যাকাউন্ট নম্বর উল্লেখ করবেন না।* |
| **ক্রেডিট কার্ড কোম্পানি** | **আপনার আর্থিক বিষয়ে যোগাযোগের জন্য ব্যক্তি** |
| **কার্ড #1** | **চেকিং অ্যাকাউন্ট #1** |
| কোম্পানি: | ব্যাংক: |
| টোল ফ্রি নম্বর: | টোল ফ্রি নম্বর: |
| কার্ডে লেখা নাম: | যেসব ব্যক্তির অ্যাক্সেস রয়েছে: |
| **কার্ড #2** | **চেকিং অ্যাকাউন্ট #2** |
| কোম্পানি: | ব্যাংক: |
| টোল ফ্রি নম্বর: | টোল ফ্রি নম্বর: |
| কার্ডে লেখা নাম: | যেসব ব্যক্তির অ্যাক্সেস রয়েছে: |
| **কার্ড #3** | **সেভিংস অ্যাকাউন্ট #1** |
| কোম্পানি: | ব্যাংক: |

| | |
|---|---|
| টোল ফ্রি নম্বর: | টোল ফ্রি নম্বর: |
| কার্ডে লেখা নাম: | যেসব ব্যক্তির অ্যাক্সেস রয়েছে: |
| ***ক্রেডিট কার্ড চুরি হলে তাৎক্ষণিকভাবে রিপোর্ট করুন!*** | **সেভিংস অ্যাকাউন্ট #2** |
| | ব্যাংক: |
| | টোল ফ্রি নম্বর: |
| | যেসব ব্যক্তির অ্যাক্সেস রয়েছে: |
| **সরকারি এজেন্সির কন্টাক্ট** | **দেওয়ানি আইনি সহায়তা** |
| পারিবারিক নির্যাতন বিষয়ক সাহায্য: | আইনি সহায়তা: |
| পাবলিক প্রসিকিউটর: | অভিবাসন আইনজীবী: |
| শিশু নিপীড়ন সম্পর্কে রিপোর্ট করুন: | অন্যান্য আইনজীবী: |



## পোষা প্রাণীদের জন্য জরুরি সেবা

| |
|---|
| **পোষা প্রাণী #1** |
| নাম: |
| জন্মতারিখ: |
| প্রজাতি: |
| বিবরণ: |
| নিবন্ধন নম্বর: |
| ওষুধপত্র: |
| মেডিকেল সমস্যা: |
| **পোষা প্রাণী #1** |
| নাম: |

| | |
|---|---|
| জন্মতারিখ: | |
| প্রজাতি: | |
| বিবরণ: | |
| নিবন্ধন নম্বর: | |
| ওষুধপত্র: | |
| মেডিকেল সমস্যা: | |
| **পশু চিকিৎসক** | **পোষা প্রাণীদের জন্য জরুরি আবাসন** |
| নাম: | নাম: |
| ফোন: | ফোন: |
| ঠিকানা: | ঠিকানা: |
| জরুরি ফোন নম্বর: | |
| ***প্রত্যেক পোষা প্রাণীর একটি ছবি সংযুক্ত করুন!*** | |

# পরিশিষ্ট C

# গুরুত্বপূর্ণ নম্বর

## মিশিগানে বন্দি অভিবাসী ও অভিবাসন আইনজীবীদের জন্য তথ্য:

ICE অনলাইন ডিটেইনি লোকেটর (অভিবাসন ও কাস্টমস আইন প্রয়োগকারী সংস্থার কাস্টডিতে থাকা কোনো ব্যক্তির জন্য সার্চ করুন)

http://locator.ice.gov/odls/homePage.do

CBP অনলাইন ডিটেইনি লোকেটর (কাস্টমস ও সীমান্ত সুরক্ষা বিভাগের কাস্টডিতে থাকা কোনো ব্যক্তির জন্য সার্চ করুন)

https://www.cbp.gov/about/searching-someone-cbp-custody

### ডিটেনশন সেন্টারসমূহ - মিশিগানে ICE-এর সাথে কন্ট্রাক্ট করা কাউন্টি জেলসমূহ:

একজন বন্দি ব্যক্তির সাথে যোগাযোগ করা, আইনি ও কেসের তথ্য, ভিজিট করার সময়, বন্দির কাছে চিঠি পাঠানো এবং অভিযোগ জমা দেওয়া সম্পর্কে সম্পূর্ণ তথ্য পাওয়া যাবে: **ice.gov/detention-facilities**

**ক্যালহুন কাউন্টি জেল**
185 E. Michigan Street
Battle Creek, Michigan 49014
(269) 969-6303

**সেন্ট ক্লেয়ার কাউন্টি জেল**
1170 Michigan Road
Port Huron, Michigan 48060
(810) 987-1721

**চিপেওয়া কাউন্টি জেল**
325 Court Street
Sault Ste. Marie, MI 49783
(906) 635-7620

**মনরো কাউন্টি জেল**
7000 East Dunbar Road
Monroe, Michigan 48161
(734) 240-8001

কখনো কখনো, বন্দিরা যুক্তরাষ্ট্রের মার্শাল'স সার্ভিস-এর কাস্টডিতে থাকতে পারেন: https://www.bop.gov/mobile/find_inmate/byname.jsp

এছাড়াও VINELink মিশিগানে অভিবাসন বিভাগের কাস্টডিতে থাকা ব্যক্তিদের সম্পর্কে দরকারি তথ্য প্রদান করতে পারে:
https://www.vinelink.com/#state-selection

### সরকারি অফিসসমূহ:

**অভিবাসন ও কাস্টমস বলবৎকরণ (Immigration and Customs Enforcement, ICE)**

**ডেট্রয়েট**
333 Mt. Elliott St.
Detroit, MI 48207
(313) 568-6049

**গ্র্যান্ড র‍্যাপিডস**
517 Ottawa Ave NW
Grand Rapids, MI 49503-1424
(616) 254-1200

**কাস্টমস ও সীমান্ত সুরক্ষা (CBP)/ICE:**

**গ্র্যান্ড র‍্যাপিডস**
6450 Air Cargo Drive SE
Grand Rapids, MI 49512
(616) 235-3936

**অভিবাসন সংক্রান্ত পর্যালোচনার জন্য নির্বাহী দপ্তর অভিবাসন আদালত:**

**ডেট্রয়েট আদালত**
477 Michigan Ave
Detroit, MI 48226
(313) 226-2603

আদালতের তারিখের জন্য স্বয়ংক্রিয় তথ্যের লাইন এবং অপসারণের (প্রত্যাবাসনের) কার্যধারা চলমান থাকা বহিরাগতদের জন্য সিদ্ধান্ত সম্পর্কিত

কনসুলেট হলো বিদেশি সরকারের অফিস। বিভিন্ন সরকার যুক্তরাষ্ট্রে অবস্থান করা তাদের নাগরিকদের জন্য বিভিন্ন পরিষেবা প্রদান করে থাকে। *যদি* বন্দি ব্যক্তির নিজের দেশের সরকারকে ভয় পাওয়ার কোনো কারণ না থাকে, তাহলে পরিষেবাগুলো সম্পর্কে জানতে কনসুলেটে যোগাযোগ করার জন্য আমরা পরামর্শ দিচ্ছি।

## মিশিগান ও ইলিনয়েসে কনসুলেটগুলোর নির্বাচিত তালিকা:

### কনসুলেট অব মেক্সিকো

**ডেট্রয়েট**
(248) 336-0320
https://consulmex.sre.gob.mx/detroit/

### কনসুলেট অব গুয়াতেমালা

**শিকাগো**
(312) 540-0781
https://minex-gob-gt.my.site.com/pc/s/citas-consulares

### কনসুলেট অব এল সালভাদর

**শিকাগো**
(888)301-1130
https://chicagoconsularcorps.org/member-nations/elsalvador

### কনসুলেট অব হন্ডুরাস

**শিকাগো**
(470) 751-9077
https://citaconsularhn.com/chicago/

**<u>কনসুলেট অব দ্য ডমিনিকান রিপাবলিক</u>**

**শিকাগো**
(773) 714-4924
https://consuladordchicago.com/

# পরিশিষ্ট **D**

# আপনার অধিকারসমূহ জানুন কার্ড

*এই কার্ডগুলো কেটে নিন এবং আপনার ওয়ালেটের মধ্যে ভরে আপনার সঙ্গে রাখুন*

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:


## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number:

## Rights Card

I am giving you this card because I do not wish to speak to you or have any further contact with you. I choose to exercise my right to remain silent and to refuse to answer your questions. If you arrest me, I will continue to exercise my right to remain silent and to refuse to answer your questions. I want to speak with a lawyer before answering your questions.

I want to contact this attorney or organization:

Telephone number: